গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ,দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: ১১৫ তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রতি নির্দেশাবলি:**

(সূত্র: স্মারক নং-১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৬/৩৬০১ তারিখ: ১৯/০৫/২০২৬)
২য় মেধা তালিকায় ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

## শিক্ষার্থী ও বিভাগসমূহের জন্য জরুরি জ্ঞাতব্য

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে ভর্তি হওয়া যেসকল শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হয়েছে তাদের প্রত্যেককে (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Application Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে) অবশ্য অবশ্যই ভর্তি ফরম ডাউনলোড করতে হবে। যেহেতু বিষয় পরিবর্তন হওয়া শিক্ষার্থীদের পূর্বের ভর্তি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে সেহেতু ডাউনলোডকৃত ভর্তি ফরম বিভাগে জমা না করলে শিক্ষার্থী ভর্তি হতে পারবে না। ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের নিজ নিজ ভর্তি ফরম ডাউনলোড করে (ভর্তি ফি পরিশোধ পূর্বক) স্ব স্ব বিভাগে বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে। অন্যথায় শিক্ষার্থী ভর্তি হতে পারবে না।**

**বিজ্ঞান বিভাগ ব্যতীত অন্য বিভাগ হতে বিষয় পরিবর্তন করে বিজ্ঞান বিভাগে আসা এবং বিজ্ঞান বিভাগ ছাড়া অন্য বিভাগ হতে ব্যবসায় শিক্ষা বিভাগে আসা শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তি বাবদ প্রাপ্য অতিরিক্ত অর্থ রশিদের মাধ্যমে আদায়ের বিষয়টি বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগসমূহকে নিশ্চিত করতে হবে।**

**আগামী ১৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ, ০৭ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ, রবিবার অনার্স ১ম বর্ষের ওরিয়েন্টেসন ক্লাস অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধানকে এ বিষয়ে কার্যকরি ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।**

| ক্র. নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের বিষয় পরিবর্তন হবে তাদের পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম অনলাইন থেকে ডাউনলোড করে এর পিন্ট/পিডিএফ কপি সংগ্রহণের তারিখ:<br>উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে।<br>ক) বিষয় পরিবর্তনের ভর্তি ফরম সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।<br>খ) বিষয় পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। | ০৩/০৬/২০২৬<br>থেকে<br>১১/০৬/২০২৬ |
| (খ) | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Application Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। তবে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ইতোপূর্বে কোথায়ও ভর্তি থাকলে তাকে অবশ্যই ০৯ জুন ২০২৬ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। উল্লেখ্য যে, ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশন সিলেক্ট করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক শূন্য আসনে মেধার ভিত্তিতে বিষয় পরিবর্তন করা হবে। | ০৩/০৬/২০২৬<br>থেকে<br>১১/০৬/২০২৬ |
| (গ) | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে www.dgc.edu.bd প্রবেশ করে Online Admission Option প্রবেশ করে ভর্তি ফরমের রোল, বিভাগ, ক্যাপচার ও শিক্ষার্থীর সঠিক মোবাইল নম্বও সাবমিট করতে হবে। প্রদত্ত মোবাইল নম্বরে একটি OTP আসবে। OTP দিয়ে পরবর্তী কার্যক্রম শেষ করতে হবে। কলেজ সার্ভারে সকল তথ্য দেয়ার পর প্রিন্ট প্রিভিউ অপশন আসবে। সেখানে সঠিক তথ্য দেখার পর কোন ভুল ত্রুটি হলে Edit করে ঠিক করে ভর্তি ফরম Submit করতে হবে। একবার Submit করার পর আর ভুল সংশোধন করা যাবে না। Submit হওয়ার পর ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর গেটওয়ের মাধ্যমে রকেট/নেক্সাস পে এর মাধ্যমে নিজ নিজ বিষয়ের ফি নির্ধারিত থাকবে। নির্ধারিত ফি পরিশোধের পর কলেজের ভর্তির চূড়ান্ত ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের ফি পরিশোধের ডাউনলোডকৃত ফরম ছাড়া ভর্তি সম্পন্ন হবে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের ফি পরিশোধের ডাউনলোডকৃত ফরম A4 সাইজ অফসেট পেপাওে প্রিন্ট করে নির্দিষ্ট স্থানে তারিখসহ স্বাক্ষর করে নিজ নিজ বিভাগে নিদিষ্ট সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে ফরমসমূহ জমাদানে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। জমাদানের তারিখ ও সময়: | ০৪/০৬/২০২৬<br>থেকে<br>১৩/০৬/২০২৬ |
| (ঘ) | সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি নিশ্চয়নের তারিখ:<br>* ভর্তি কমিটির আহ্বায়ক যথাসময়ে OTP প্রদান করবেন। | ০৪/০৬/২০২৬<br>থেকে<br>১৪/০৬/২০২৬ |

**ভর্তি ফি এর পরিমাণ:**

| বিভাগের নাম | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|
| বাংলা (০১৭১৮৬৭৫৫৩২), ইংরেজি (০১৭১৯৭৪৯৯৮৪), অর্থনীতি (০১৭৭৩৭২৩৫৭১), দর্শন (০১৭৩৩৫২৬৭৯৫), ইতিহাস (০১৭২১০১২১১৬), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (০১৭২১০০৯৪১৭), সমাজবিজ্ঞান (০১৭১০০৪৬৮৭৮), রাষ্ট্রবিজ্ঞান (০১৭৩৭৯১০৪২৮), | ৫৪৭৫/- | সকল বিভাগের পরিশোধকৃত মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনেরো) টাকা |
| হিসাববিজ্ঞান (০১৭১৬৫১০৪৭১) ও ব্যবস্থাপনা (০১৭৩৮১৪৯৮৪৫) | ৫৫৩৫/- | |
| পদার্থবিদ্যা (০১৩০৭৫০১৬০৫) | ৬২৫০/- | |
| রসায়ন (০১৭৩১২৭৩৯২৩) | ৬৩০০/- | |
| গণিত (০১৭১৮৯৭০২৬২) | ৬৩১০/- | |
| উদ্ভিদবিদ্যা (০১৭৫১০৭৬৭৮২) | ৬২০০/- | |
| প্রাণিবিদ্যা (০১৭৪৪৫৭০৪০৩) | ৬২০০/- | |

**বিশেষ জরুরি দ্রষ্টব্য:** কলেজের ওয়েব সাইটের মাধ্যমে ভর্তির সময় অবশ্যই শিক্ষার্থীর নিজের সচল মোবাইল নম্বর ব্যবহার করতে হবে এবং উক্ত মোবাইল নম্বর কলেজের রেজিস্ট্রেশন মেয়াদ থাকা পর্যন্ত অবশ্যই ব্যবহার করতে হবে। কোনক্রমেই পিতা/মাতা/আইনত বৈধ অভিভাবক ছাড়া ভাই, বোন, আত্মীয় স্বজন, বন্ধু-বান্ধব বা অন্য কারও মোবাইল নম্বর ব্যবহার করা যাবে না। কলেজের সকল গুরুত্বপূর্ণ নোটিশ মোবাইলে এস.এম.এস এর মাধ্যমে জানানোর স্বার্থে অবশ্যই বর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

**১। ভর্তির সময় নিম্নবর্ণিত কাজগপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে:**

(ক) ভর্তির জন্য উত্তোলিত চূড়ান্ত ভর্তি ফরম ও ভর্তি ফি জমাদানের অনলাইনের প্রিন্ট কপি।
(খ) ভর্তির প্রাথমিক আবেদনের মূল ফরম।
(গ) এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র ও ০১ (এক) সেট ফটোকপি খামে জমা দিতে হবে।
(ঘ) খামের উপরে শিক্ষার্থীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর, ই-মেইল এ্যাড্রেস ও ব্লাড গ্রুপ লিখতে হবে।
(ঙ) কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার স্বপক্ষে মূল কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই প্রদর্শন করতে হবে এবং বিভাগীয় প্রধান তা যাচাইপূর্বক উক্ত শিক্ষার্থীর ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন। কোটার স্বপক্ষের মূল কাগজপত্রের ফটোকপি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
(চ) বিভাগ হতে অঙ্গীকারনামা সংগ্রহ করে পূরণপূর্বক স্বাক্ষরসহ সংশ্লিষ্ট বিভাগের জমা দিতে হবে।
(ছ) শিক্ষা বোর্ড বৃত্তিপ্রাপ্তদের বৃত্তি গেজেটের কপি, ব্যাংক স্টেটমেন্ট ও বৃত্তি ফরম অবশ্যই জমা দিতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

**২। ভর্তি বাতিল সংক্রান্ত নিয়মাবলি:**

(ক) মনোনীত প্রার্থী পূর্বে কোন প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ০৯/০৬/২০২৬ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।
(খ) কোন শিক্ষার্থী চূড়ান্ত ভর্তির পর যদি কোনো কারণে ভর্তি বাতিল করতে চায় তাহলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান অনুসরণপূর্বক নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে ভর্তি বাতিল করতে হবে।

**বি: দ্র: নির্ধারিত তারিখের মধ্যে উত্তীর্ণ প্রার্থী ভর্তি হতে ব্যর্থ হলে উত্তীর্ণ আবেদনকারীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ/ভর্তি কমিটি কোনরূপ দায়-দায়িত্ব বহন করবে না।**

**৩। ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস শুরু: ০৭ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ**

**প্রয়োজনে: মো. রকিবুল হাসান, সহকারী অধ্যাপক, রসায়ন (মোবাইল নম্বর: ০১৭২৩৩৮৮৩৮১), মো. আব্দুল মোমেন, সহকারী অধ্যাপক, ইংরেজি (মোবাইল নম্বর: ০১৭২০১৫৮২০৭), মো. নুরন্নবী, প্রভাষক, উদ্ভিদবিদ্যা (মোবাইল নম্বর: ০১৭৬৫২৩৮৫৪৮) ও মো. সিরাজুল ইসলাম, প্রভাষক, প্রাণিবিদ্যা (মোবাইল নম্বর: ০১৭৬৪৬৩১০৪০)**

প্রতিস্বাক্ষরিত

২৮.০৫.২০২৬

(প্রফেসর মোঃ লুৎফর রহমান)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

২৮.০৫.২০২৬

(প্রফেসর মো. রাকিবুল ইসলাম)
আহবায়ক
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০২৫-২০২৬
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
২. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, দিনাজপুর সরকারি কলেজ
৩. হিসাব শাখা/ক্যাশ শাখা, দিনাজপুর সরকারি কলেজ
৪. অফিস কপি